# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
## প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২২

তারিখঃ ৮ আষাঢ় ১৪২৯ / ২২ জুন ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

জাহাজ নির্মাণ শিল্পের উন্নয়ন, পরিচালনা ও বিকাশের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক
<u>একটি পুনঃঅর্থায়ন স্কিম **(Refinance Scheme)** গঠন প্রসঙ্গে।</u>

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখ: ২৬ মে ২০২২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। স্বল্প সুদ/মুনাফায় ঋণ/বিনিয়োগ প্রদানের মাধ্যমে জাহাজ নির্মাণ শিল্পের উন্নয়ন, পরিচালনা ও বিকাশের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২,০০০ (দুই হাজার) কোটি টাকার একটি পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়েছে। বাংলাদেশ ব্যাংক হতে উক্ত স্কিমের অধীনে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালা জারি করা হলো:-

ক) আগ্রহী তফসিলি ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়ন গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর সাথে একটি অংশগ্রহণ চুক্তি (Participation Agreement) সম্পাদন করতে হবে।

খ) এ স্কিমের অধীনে ঋণ/বিনিয়োগ গ্রহণের লক্ষ্যে গ্রাহক ব্যাংকের নিকট আবেদন করার পর নিজস্ব ঋণ নীতিমালা অনুযায়ী ব্যাংকের পরিচালক পর্ষদ ঋণ/বিনিয়োগ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

গ) অনুমোদিত ঋণ পুনঃঅর্থায়নের জন্য ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন-এর নিকট (সংযোজনী-'ক' এর মাধ্যমে) আবেদন করতে হবে। এরূপ আবেদন বাংলাদেশ ব্যাংকের নিকট ৩০ জুন ২০২৪ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

ঘ) বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন মঞ্জুরীপত্র প্রাপ্তি সাপেক্ষে ব্যাংক মঞ্জুরীকৃত ঋণের অর্থ গ্রাহকের অনুকূলে বিতরণ করবে। তফসিলি ব্যাংক কর্তৃক গ্রাহকের অনুকূলে ঋণ/ঋণের কিস্তি বিতরণ বা বিনিয়োগ প্রদান করে পুনর্ভরণের জন্য ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন-এ সংযোজনী-'খ' দাখিল করতে হবে।

ঙ) তহবিল থাকা সাপেক্ষে বর্ণিত স্কিমের অধীনে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে। তবে, গ্রাহকের নতুন উদ্যোগ-এ তফসিলি ব্যাংক কর্তৃক প্রদেয় অর্থায়নের বিপরীতে অগ্রাধিকার ভিত্তিতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে।

চ) ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকল্পে অনুমোদিত মেয়াদি ঋণ/বিনিয়োগ এককালীন বিতরণ করা যাবে না। এক্ষেত্রে, ন্যূনতম ০৩ (তিন) কিস্তিতে ঋণ বিতরণ/বিনিয়োগ প্রদান করতে হবে। উল্লেখ্য, কিস্তির পরিমাণ ফান্ডের প্রকৃত চাহিদার উপর ভিত্তি করে নির্ধারণ করতে হবে।

ছ) এ স্কিমের অধীনে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ প্রদানের ক্ষেত্রে ব্যাংকের নিজস্ব ঋণ নীতিমালা অনুযায়ী মার্জিন রাখতে হবে। প্রদত্ত চলতি মূলধন ঋণ/বিনিয়োগ নবায়নের প্রয়োজন হলে পর্ষদের অনুমোদন সাপেক্ষে মেয়াদোত্তীর্ণের অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন-এর নিকট নবায়নের জন্য আবেদন করতে হবে।

জ) ইতঃপূর্বে গ্রাহকের অনুকূলে বিতরণকৃত ঋণের বিপরীতে এই স্কিমের আওতায় কোনো পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে না। এ স্কিম হতে গৃহীত ঋণ/বিনিয়োগ দ্বারা কোনভাবেই অপর কোনো ঋণ/বিনিয়োগ পরিশোধ বা সমন্বয় করা যাবে না।

ঝ) রপ্তানিমুখী জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠানের রপ্তানিকৃত জাহাজের বিপরীতে কোনো রপ্তানি বিল মেয়াদোত্তীর্ণ অবস্থায় থাকলে এ স্কিমের আওতায় উক্ত প্রতিষ্ঠান পুনঃঅর্থায়নের জন্য বিবেচিত হবে না।

ঞ) নির্মাণকালীন সময়ের জন্য ঝুঁকি হ্রাসে নির্মাণাধীন জাহাজের কার্যাদেশ/রপ্তানি/বিক্রয় চুক্তিতে উল্লিখিত মূল্যের অন্তত সমপরিমাণ আবশ্যিকভাবে বিমা দ্বারা আচ্ছাদিত হতে হবে।

ট) মেয়াদি ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে ঋণ/বিনিয়োগের কিস্তির পরিমাণ নির্বিশেষে প্রথম কিস্তি বিতরণের তারিখ হতে সংশ্লিষ্ট গ্রাহকের পুনঃঅর্থায়নের মেয়াদ ও গ্রেস পিরিয়ড হিসাবায়ন করা হবে। ঋণের সদ্ব্যবহার নিশ্চিতকল্পে ঋণের পরবর্তী কিস্তির (পুনঃঅর্থায়নের) আবেদনের সময় পূর্ববর্তী কিস্তির কর্ম সম্পাদন সংক্রান্ত প্রতিবেদন ব্যাংক কর্তৃক দাখিল করতে হবে।

ঠ) গ্রেস পিরিয়ড চলাকালীন সময়ে আরোপিত সুদ/মুনাফা ঋণের অবশিষ্ট মেয়াদে সমভাবে বন্টনপূর্বক আদায় করা হবে। সুদ/মুনাফাসহ পুনঃঅর্থায়নের অর্থ পরিশোধসূচি অনুযায়ী অংশগ্রহণকারী ব্যাংক বাংলাদেশ ব্যাংক-কে পরিশোধ করবে। অন্যথায়, সংশ্লিষ্ট ব্যাংকের বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিসে রক্ষিত টাকা চলতি হিসাব বিকলনের মাধ্যমে তা আদায় করা হবে। চলতি মূলধন ঋণ/বিনিয়োগ-এর ক্ষেত্রে মেয়াদপূর্তীতে সুদ/মুনাফাসহ পুনঃঅর্থায়নের অর্থ এককালীন আদায় করা হবে।

ড) স্কিমের আওতায় গৃহীত অর্থ মেয়াদপূর্ব সম্পূর্ণ সমন্বয়ের ক্ষেত্রে কোনো অতিরিক্ত অর্থ কর্তন করা হবে না এবং তফসিলি ব্যাংক কর্তৃক গ্রাহকের নিকট হতে এরূপ ক্ষেত্রে কোনো অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

ঢ) স্কিমের আওতায় গৃহীত অর্থের উপর সাধারণভাবে ত্রৈমাসিক ভিত্তিতে সুদ আরোপ ও আদায় করা হবে। তবে, মেয়াদপূর্ব সমন্বয়ের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের হিসাবে অর্থ জমা হওয়ার পূর্বদিন পর্যন্ত দৈনিক ভিত্তিতে সুদ/মুনাফা আদায় করা হবে।

ণ) সিন্ডিকেট ফাইন্যান্সিং-এর ক্ষেত্রে শুধুমাত্র লিড ব্যাংক বাংলাদেশ ব্যাংক বরাবর পুনঃঅর্থায়নের জন্য আবেদন করবে এবং লিড ব্যাংক কিস্তির কর্ম সম্পাদন সংক্রান্ত প্রতিবেদনসহ অন্যান্য দলিলাদি সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংকের নিকট প্রেরণ করবে। বাংলাদেশ ব্যাংক সিন্ডিকেশনে অন্তর্ভুক্ত অন্যান্য ব্যাংকসমূহকে পুনঃঅর্থায়ন সুবিধা বণ্টন করবে। উক্ত পুনঃঅর্থায়নের ত্রৈমাসিক কিস্তি লিড ব্যাংকসহ সিন্ডিকেশনে অন্তর্ভুক্ত সকল ব্যাংকের নিকট হতে আদায় করা হবে। লিড ব্যাংকসহ সিন্ডিকেশনে অন্তর্ভুক্ত সকল ব্যাংকসমূহকে ২(ক)নং অনুচ্ছেদ মোতাবেক অংশগ্রহণ চুক্তি সম্পাদন করতে হবে।

৩। পুনঃঅর্থায়ন আবেদনের সাথে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে:-

ক) ঋণ অনুমোদনের বিষয়ে ব্যাংকের পরিচালক পর্ষদ সভার কার্যবিবরণীর অনুলিপিসহ মঞ্জুরীপত্র;

খ) সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ বিতরণসূচি ও পরিশোধসূচি;

গ) গ্রাহকের হালনাগাদ সিআইবি প্রতিবেদনের অনুলিপি; এবং

ঘ) গ্রাহকের অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের দায়-দেনার বিবরণী।

৪। পুনর্ভরণের আবেদনের সাথে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবে:-

ক) অর্থ বিতরণের প্রমাণ স্বরূপ সংশ্লিষ্ট গ্রাহকের ব্যাংক হিসাবের বিবরণী;

খ) গ্রাহকের বিপরীতে পুনঃঅর্থায়নের ক্ষেত্রে প্রাপ্যতা অনুযায়ী কিস্তিসহ সুদের পরিমাণের উপর সংযোজনী-'গ' অনুযায়ী Demand Promissory Note;

গ) ঋণের পরবর্তী কিস্তির (পুনঃঅর্থায়নের) আবেদনের সময় পূর্ববর্তী কিস্তির কর্ম সম্পাদন সংক্রান্ত প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে);

ঘ) চলতি মূলধন ঋণ/বিনিয়োগ ক্ষেত্রে স্টক প্রতিবেদন; এবং

ঙ) বিতরণকৃত ঋণ/বিনিয়োগের সদ্ব্যবহার নিশ্চিতকল্পে এতদুদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক/সংশ্লিষ্ট তফসিলি ব্যাংকের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের গ্রাহকের সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠান বা স্থাপনা সরেজমিনে পরিদর্শনের ক্ষেত্রে সহযোগিতার বিষয়ে গ্রাহকের নিকট হতে গৃহীত অঙ্গীকারনামা।

৫। এছাড়া, বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখ: ২৬ মে ২০২২ এর অন্যান্য শর্ত ও নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
পরিচালক (ডিওএস)
ফোন নং ঃ ৯৫৩০০৯৩

সংযোজনী-ক

সূত্রঃ ......................................................  তারিখ: .............................

পরিচালক (ডিওএস)
ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন (ডিভিশন-১)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২২ এর আওতায় পুনঃঅর্থায়ন-এর আবেদন।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২৬ মে ২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এবং ২২ জুন ২০২২ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২২ এর মাধ্যমে গঠিত বিশেষ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় আমাদের ব্যাংক হতে নিম্নোক্ত গ্রাহকের অনুকূলে --------তারিখে অনুষ্ঠিত পরিচালক পর্ষদের -------তম সভায় ঋণ অনুমোদন করা হয়েছে।

এমতাবস্থায়, পুনঃঅর্থায়ন প্রাপ্তি সাপেক্ষে ঋণ বিতরণ/বিনিয়োগ করা হবে ও পরবর্তী কার্যক্রম সম্পাদন করা হবে বিধায় বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২২ এ বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিম হতে -------------------- (গ্রাহকের নাম) গ্রাহকের অনুকূলে মোট ------------------------------ টাকা (কথায় ---------------------------------------------------) পুনঃঅর্থায়ন মঞ্জুরি করার জন্য আপনাদের অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

(-------------------------------------)
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশি ব্যাংকের ক্ষেত্রে
বাংলাদেশ অপারেশনের প্রধান
ফোন নং:-
ই-মেইল:-

সংযোজনী-খ

সূত্রঃ ........................................................ তারিখঃ ..............................

পরিচালক (ডিওএস)
ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন (ডিভিশন-১)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

প্রিয় মহোদয়,

বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২২ এর আওতায় পুনঃঅর্থায়ন (পুনর্ভরণের) আবেদন।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ২৬ মে ২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২২ এবং ২২ জুন ২০২২ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২২ এর আওতায় আপনাদের --------- তারিখের পত্র নং ------------- এর প্রেক্ষিতে "--------------- (গ্রাহকের নাম)" এর অনুকূলে ---------- তারিখে ------------------- টাকা ঋণ বিতরণ/ঋণের কিস্তি বিতরণ/বিনিয়োগ করা হয়েছে। আলোচ্য ঋণ/বিনিয়োগ বিতরণে উক্ত সার্কুলারে উল্লিখিত সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

এমতাবস্থায়, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২২ এ বর্ণিত পুনঃঅর্থায়ন স্কিম হতে অত্র ব্যাংকের অনুকূলে মোট ----------------------- টাকা (কথায় ----------------------------------------) অর্থায়ন পুনর্ভরণ করার জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,

(-------------------------------------)
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী/বিদেশি ব্যাংকের ক্ষেত্রে
বাংলাদেশ অপারেশনের প্রধান
ফোন নংঃ-
ই-মেইলঃ-

সংযোজনী-গ

# Demand Promissory Note

Amount: Taka……………………………….. Date:……………..............

For value received,

We, ………………………………………………………… (Name of the Bank), Borrower, promise to pay to BANGLADESH BANK or by order of the BANGLADESH BANK the sum of Taka ……………………….. (both in figure and in words), with 1.00% interest/profit thereon calculated quarterly from the date of receipt of the value under the Refinance Scheme created as per instruction given by BRPD Circular No-09/2022.

(Signature of the Managing Director/CEO of the Bank with SEAL)
Name: